



পিসির বুটঝামেলা

ট্রাবলশুটার টিম



সমস্যা : আমার পিসির
কনফিগারেশন কোরআইও ২.২
গিগাহার্টজ, গিগাবাইট
মাদারবোর্ড, ২ গিগাবাইট

ডিডিআর৩ র‍্যাম ও ১ টেরাবাইট হার্ডডিস্ক।
আমি উইন্ডোজ সেভেন আন্টিমেট ৬৪ বিট
অপারেটিং সিস্টেম ব্যবহার করি। আমার পিসির
সমস্যা হচ্ছে- কমপিউটার মোটামুটি তাড়াতাড়ি
চালু হয়, কিন্তু বন্ধ হতে অনেক সময় লাগে।
প্রায় ৪-৫ মিনিট লেগে যায় বন্ধ হতে। ২-৩
মিনিটের মধ্যে মনিটরের ডিসপ্লে চলে যায়, কিন্তু
সিপিইউর বাতি নেভে আরও পড়ে। এ ধরনের
সমস্যা কেনো হচ্ছে? আমার পিসির হার্ডডিস্কের
জায়গা কি বেশি হয়ে গেছে পিসির
কনফিগারেশনের তুলনায়? নাকি অন্য কোনো
সমস্যা। সমাধান জানালে উপকৃত হব।

-কামাল হোসেন, রংপুর



সমাধান : উইন্ডোজ ভিসতা ও
সেভেনে শাটডাউনে দেরি করাটা
একটি সাধারণ সমস্যা। তারপরও
আপনার পিসির বন্ধ হওয়ার সময়
অনেক বেশি লাগছে। এটি বেশ কয়েকটি
কারণে হতে পারে। পিসির সি ড্রাইভের আকার
যদি বেশি বড় হয়ে থাকে, তবে এ ক্ষেত্রেও এ
সমস্যা দেখা দিতে পারে। স্টার্টআপ ও সার্ভিসে
অনেক বেশি প্রোগ্রাম রান করা থাকলেও এ
সমস্যা হতে পারে। ভাইরাসের কারণেও এমনটা
হওয়া অস্বাভাবিক নয়। হার্ডডিস্ক ঠিকমতো
ডিফ্র্যাগমেন্ট করা না হলে এ সমস্যা হতে
পারে।

সমস্যা সমাধানের লক্ষ্যে আপনি নতুন করে
উইন্ডোজ সেটআপ দিয়ে নিন। যদি আপনার সি
ড্রাইভের আকার বেশি বড় হয়ে থাকে, তবে তা

মাঝারি আকারের করে নিন। ৫০ গিগাবাইটের
বেশি তেমন একটা দরকার পড়ে না। বেশি বড়
ধরনের কোনো সফটওয়্যার হলে তা সি ড্রাইভে
ইনস্টল না করে অন্য কোনো ড্রাইভে করুন।
সি ড্রাইভ যতটা সম্ভব ফাঁকা রাখুন। উইন্ডোজ
সেভেনের আপডেট নামিয়ে নিন। আরও ভালো
হয় যদি র‍্যাম ৪ গিগাবাইটে আপডেট করে
উইন্ডোজ ৮ ৬৪ বিট ইনস্টল করে নেন।
স্টার্টআপ থেকে অপ্রয়োজনীয় প্রোগ্রামগুলো বন্ধ
করে দিন। এ কাজ করার জন্য স্টার্ট থেকে
সার্চবক্সে msconfig টাইপ করে এন্টার চাপুন।
এরপর যে উইন্ডো আসবে তার General ট্যাব
থেকে সিলেক্টেড স্টার্টআপে ক্লিক করুন।
এখানে লোড স্টার্টআপ আইটেমগুলো আনচেক
করে দিন। এরপর সার্ভিসেসে গিয়ে Hide all
Microsoft Services বক্সে টিক দিন। এরপর
ডিজ্যাবল অল করে দিন এবং ওকে দিয়ে বের
হয়ে আসুন। তারপর পিসি রিস্টার্ট করার জন্য
বললে, পিসি রিস্টার্ট করুন। প্রথমে শুধু
স্টার্টআপ প্রোগ্রামগুলো অফ করে কাজ করে
দেখুন সিস্টেম ঠিকমতো শাটডাউন হয় কি না।
যদি না হয় তবে সার্ভিসেস থেকে নন-
মাইক্রোসফট প্রোগ্রামগুলো ডিজ্যাবল করুন।
হার্ডডিস্ক কখনও ডিফ্র্যাগমেন্ট না করে থাকলে
পুরো হার্ডডিস্ক ডিফ্র্যাগমেন্ট করে নিন। সাথে
চেক ডিস্কও করে নিন। ভালোমানের সিকিউরিটি
সফটওয়্যার ইনস্টল করে পুরো সিস্টেম
ভালোভাবে স্ক্যান করে নিন। উইন্ডোজ আপডেট
নিয়মিত করুন। প্রতি সপ্তাহে অন্তত একবার
পিসি ডিফ্র্যাগমেন্ট করুন। পিসির ক্যাসিং খুলে
নিয়মিত ধুলোবালি পরিষ্কার করুন। এতে পিসির
পারফরম্যান্স অনেক ভালো হবে এবং পিসি
টিকবে অনেক দিন।

সমস্যা : আমার পিসিতে গান ও ভিডিও



চালানোর সময় কোনো আওয়াজ
হয় না। ভিডিও চলে কিন্তু কোনো
শব্দ হয় না। প্রথমে মনে
করেছিলাম স্পিকারে সমস্যা। চেক
করে দেখলাম স্পিকার ঠিক আছে। কারণ, গেম
খেলার সময় ঠিকই সাউন্ড হয়। আমি সাউন্ড
ড্রাইভার আনইনস্টল করে আবার ইনস্টল
করেছি কিন্তু কোনো লাভ হয়নি। এ সমস্যা
থেকে কীভাবে মুক্তি পেতে পারি?

-লিটন, রামপুরা

সমাধান : আপনি কী কী প্রোগ্রাম ব্যবহার করে
অডিও ভিডিও চালান তা উল্লেখ
করেননি। প্রোগ্রামের সাউন্ড অপশনে
কোনো ওলট-পাল্ট করে থাকলে
তা রিসেট করে নিন। যদি তাতে
কাজ না হয়, তবে যে প্রোগ্রামটি ব্যবহার করে
থাকেন তা আনইনস্টল করে আবার নতুন করে
ইনস্টল করে নিন। ইনস্টলের সময় সেটিংসের
কোনো রদবদল করবেন না, ডিফল্টভাবে
ইনস্টল হতে দিন। যদি একাধিক প্রোগ্রাম
ব্যবহার করে থাকেন, তবে সবগুলো
আনইনস্টল করে পছন্দসই যেকোনো একটি
রাখুন। অডিও প্রোগ্রামের জন্য AIMP3 বা
WinAmp বা JetAudio ব্যবহার করতে
পারেন। ভিডিও দেখার ক্ষেত্রে মিডিয়া প্রোগ্রাম
ক্লাসিক (কে-লাইট কোডেক প্যাক ইনস্টল
করলেই এ প্রোগ্রাম চলে আসবে) বা ভিএলসি
মিডিয়া প্রোগ্রাম ব্যবহার করতে পারেন। দুটি
প্রোগ্রামই অনেক ফরম্যাট সাপোর্ট করে। মিডিয়া
প্রোগ্রাম ক্লাসিকে বেশি ফরম্যাট সাপোর্ট পাওয়ার
জন্য কে-লাইট কোডেকের মেগা বাস্কল
ডাউনলোড করে নিন।

ফিডব্যাক : jhutjhamela24@gmail.com